

পল্লী সঞ্চয় ব্যাংক

প্রধান কার্যালয়

রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল-৮)
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা-১০০০

সূত্র নং: পসব্য/প্রকা/প্রশা-৬৪/১৮-১৯/২৭২৯

তারিখঃ ১৯/০৮/২০১৮


বিষয়ঃ “পল্লীলেনদেন” সিস্টেম পাইলটিং প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, পল্লী সঞ্চয় ব্যাংক ও একটি বাড়ি একটি খামার প্রকল্পের সদস্যদের আর্থিক লেনদেন সহজতর করার জন্য মোবাইল ফিন্যান্সিয়াল সেবা প্রদানের লক্ষ্যে পল্লী সঞ্চয় ব্যাংক “পল্লী লেনদেন” নামে একটি সেবা চালু করার সিদ্ধান্ত গ্রহণ করেছে। উক্ত সেবা পরিপূর্ণভাবে চালু করার লক্ষ্যে কতিপয় স্থানে পাইলটিং করা প্রয়োজন। ৬ টি উপজেলায় সেবাটি পাইলটিং করা হবে যার মধ্যে তীর উপজেলা অন্তর্ভুক্ত আছে। তীর উপজেলার একটি বাড়ি একটি খামার সমিতি যা ইতোমধ্যে পল্লী সঞ্চয় ব্যাংকে স্থানান্তরিত হয়েছে, সে সকল সমিতির মধ্য থেকে দুইটি সমিতি হতে নিম্নোক্ত যোগ্যতা সম্পন্ন দুইজন সদস্যকে এজেন্ট মনোনয়নপূর্বক নিম্নস্বাক্ষরকারীকে অবহিত করার জন্য অনুরোধ করা হলোঃ

এজেন্ট হওয়ার যোগ্যতাঃ

- ১। একটি বাড়ি একটি খামার প্রকল্পের সদস্য হতে হবে।
- ২। বয়স ন্যূনতম ১৮ বছর হতে হবে।
- ৩। জাতীয় পরিচয় পত্র থাকতে হবে।
- ৪। সমিতি কর্তৃক মনোনীত হতে হবে (রেজুলেশন প্রযোজ্য হবে)।
- ৫। ন্যূনতম এস.এস.সি পাশ।
- ৬। স্মার্ট ফোনে এ্যাপস চালানোর দক্ষতা/যোগ্যতা থাকতে হবে।
- ৭। একটি স্মার্ট ফোন থাকতে হবে, যেন এ্যান্ড্রয়েড সিস্টেমে চলে, যার র‍্যাম/রম ১ জিবি/ ৮ জিবি, স্ক্রিন ৫" x ৪.৭" প্রসেসর ১.৩ গিগাহার্টজ কমপক্ষে, (NFC/Finger print প্রযুক্তি থাকলে ভাল)।
- ৮। ২০ হাজার টাকা ব্যবসায়িক মূলধন পল্লী সঞ্চয় ব্যাংকে তার নিজের নামের ব্যাংক হিসাবে জমা থাকতে হবে।

বিষয়টি অতীব জরুরী।


(আকবর হোসেন)

ব্যবস্থাপনা পরিচালক(অতিরিক্ত সচিব)

ফোনঃ ৯৩৫৯০৮৩, ফ্যাক্সঃ ৯৩৪৮২০৬

ইমেইলঃ md@pallisanachaybank.gov.bd

উপজেলা নির্বাহী অফিসার

রূপগঞ্জ (নারায়ণগঞ্জ), শিবদপুর(নরসিংদী), দোহার(ঢাকা),
শ্রীপুর(গাজিপুর), মির্জাপুর(টাঙ্গাইল), সিলেট সদর(সিলেট)

অনুলিপি সদয় অবগতি/ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

১। চেয়ারম্যান, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।

২। উপজেলা সমন্বয়কারী, একটি বাড়ি একটি খামার প্রকল্প, উপজেলা, জেলা।

(তাকে সকল চাহিত তথ্যাদি দ্রুত প্রেরণ নিশ্চিত করার জন্য নির্দেশ দেয়া হলো)